

■ স্বামী বিবেকানন্দ ■

বীরসন্ন্যাসী বিবেকানন্দ সমগ্র ভারতের গৌরব। তিনিই প্রথম ১৮৯৩ সালে আমেরিকার চিকাগো শহরে বেদান্তের সারকথা প্রচার করে ভারতকে এক সম্মানের আসনে প্রতিষ্ঠা করেন। উত্তর কলকাতার শিমুলিয়া অঞ্চলের বিখ্যাত দত্ত পরিবারে ১৮৬৩ খ্রিস্টাব্দের ১২ জানুয়ারি স্বামী বিবেকানন্দ জন্মগ্রহণ করেন। তাঁর বাবা বিশ্বনাথ দত্ত এবং মাতা ভুবনেশ্বরী দেবী। বাল্যকালে বিবেকানন্দের নাম ছিল 'বিলে' ও নরেন্দ্রনাথ দত্ত। ছোটো থেকে ছাত্র হিসেবে বিবেকানন্দ ছিলেন অত্যন্ত মেধাবী। কলকাতার স্কটিশ চার্চ কলেজ থেকে তিনি বি.এ. পাস করেন। বি.এ. পাস করার পর দক্ষিণেশ্বরে রামকৃষ্ণ দেবের কাছে যান এবং সেখানে তিনি শিষ্যত্ব গ্রহণ করেন। গুরুর কাছে পেলেন শিবজ্ঞানে জীব সেবার মন্ত্র। বিবেকানন্দ 'প্রাচ্য ও পাশ্চাত্য', 'বর্তমান ভারত', 'পরিব্রাজক' ইত্যাদি গ্রন্থ প্রণয়ন করেন। তিনি বলতেন— 'জীবে প্রেম করে যেই জন সেই জন সেবিছে ঈশ্বর'। সুদূর আমেরিকার চিকাগো শহরে বিশ্বধর্ম মহাসম্মেলনে যোগ দিয়ে ভারতের বেদান্ত ও সনাতন ধর্মের উপর বক্তৃতা দিয়ে সারা পৃথিবী জয় করেন। বহু বিদেশি তাঁর শিষ্যত্ব গ্রহণের জন্য ব্যাকুল হয়ে উঠলেন। ভগিনী নিবেদিতা ছিলেন তাঁর বিদেশিনি শিষ্যা। ১৮৯৭ সালে কলকাতায় ফিরে এসে দেশের যুব সম্প্রদায়কে উদ্বুদ্ধ করেন। ১৮৯৯ খ্রিস্টাব্দে তিনি বেলুড় মঠ প্রতিষ্ঠা করেন। তিনি রামকৃষ্ণ মিশন তৈরি করে জীবকে শিবজ্ঞানে সেবার ব্রতকে সফল করেন। ১৯০২ সালের ৪ জুলাই তার দেহাবসান ঘটে।

